



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড

অংশীদারিত্বমূলক পল্লী উন্নয়ন প্রকল্প-৩

“পল্লী ভবন”

৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫।

Website: www.prdp-brdb.gov.bd



পত্র নং - ৪৭.৬২.০০০০.৯০৬.২২.০৭০.১৬- ৩৪২

তারিখঃ ২৪/১০/২০১৮ খ্রিঃ

বর্তমান ঠিকানাঃ রীমা বেগম

ইউনিয়ন ডেভেলপমেন্ট অফিসার (ইউডিও)

পিআরডিপি-৩, বিআরডিবি

বেলাব, নরসিংদী।

স্থায়ী ঠিকানাঃ

পিতা- মৃত নুরুল আলম ভূঁঞা

মাতা- মিসেস সুফিয়া

গ্রামঃ অষ্টবর্গ, পোঃ বাওয়াইল

উপজেলাঃ কিশোরগঞ্জ সদর, জেলাঃ কিশোরগঞ্জ।

বিষয় : পুনঃ কৈফিয়ত তলব।

সূত্রঃ অত্র দপ্তরের স্মারক নং ১৯, তারিখঃ ১৭-১০-২০১৮ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আপনাকে সূত্রস্মারক মূলে বদলীকৃত কর্মস্থলে নির্ধারিত সময়ে যোগদান না করার কারণে ব্যাখ্যা তলব করা হয়। তদ্ব্যতিরেকে আপনি যে ব্যাখ্যা তলবের জবাব প্রেরণ করেছেন যা সন্তোষজনক নয়। কারণ-

০১. আপনি কর্তৃপক্ষের সাথে কোন প্রকার যোগাযোগ ছাড়া ও অনুমতি ব্যতিরেকে বদলীকৃত কর্মস্থলে যোগদান না করে নির্ধারিত সময়ের ১৪ (চৌদ্দ) দিন পরে যোগদান করেছেন। যা কর্তৃপক্ষের নির্দেশ অমান্য ও অসদাচরণের সামিল।

০২. ব্যাখ্যা তলবের জবাব যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রেরণের নির্দেশ থাকলেও আপনি তা করেননি। ইতোপূর্বে আপনাকে প্রকল্প কর্তৃক বিভিন্ন সময়ে নির্দেশনা প্রদান করা হলেও আপনি তা না করে উপরন্তু আপনার উপর অর্পিত দায়িত্বে অবহেলা ও অবজ্ঞা করেছেন। যা আপনার সেচ্ছাচারিতা ও কর্তৃপক্ষের সাথে ঔদ্ধত্যপূর্ণ আচরণের পর্যায়ভুক্ত।

এমতাবস্থায়, কর্তৃপক্ষের নির্দেশ অমান্য ও অবজ্ঞা করা, দায়িত্ব পালনে অবহেলা, কর্তৃপক্ষের সাথে অসদাচরণ, ও ঔদ্ধত্যপূর্ণ আচরণের দায়ে অভিযুক্ত করে কেন আপনাকে চুক্তি ভিত্তিক নিয়োগ পত্রের ০২(ড) শর্তানুযায়ী চুক্তি বাতিলপূর্বক চাকুরী হতে অব্যাহতি প্রদান করা হবে না, তার জবাব আগামী ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নিম্ন স্বাক্ষরকারীর নিকট দাখিল করার জন্য নির্দেশ প্রদান করা হলো। ব্যর্থতায় চাকুরীচ্যুতিসহ আপনার বিরুদ্ধে কঠোর প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

মোঃ আবু সালেক

প্রকল্প পরিচালক

পিআরডিপি-৩, বিআরডিবি, ঢাকা।

তারিখঃ ২৪/১০/২০১৮ খ্রিঃ

পত্র নং - ৪৭.৬২.০০০০.৯০৬.২২.০৭০.১৬- ৩৪২

অনুলিপি : (অবগতি ও কার্যার্থে)

১। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বেলাব, নরসিংদী।

২। উপপরিচালক, বিআরডিবি, নরসিংদী।

৩। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।

৪। অফিস/ মাষ্টার কপি।

সেখ আমিনুর ইসলাম

উপপরিচালক

পিআরডিপি-৩, বিআরডিবি, ঢাকা।